দৈনিক জনকণ্ঠ

29 MAY 2017

### শিক্ষক নিবন্ধন পরীক্ষা

# উত্তীর্ণদের মেধা তালিকা প্রস্তুত ও প্রকাশের নির্দেশ

**স্টাফ রিপোর্টার ॥** বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ১ থেকে ১২তম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ সনদধারীদের মেধা তালিকা প্রস্তুত ও প্রকাশের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। আগামী ৩০ জুলাইয়ের মধ্যে মেধা তালিকা প্রকাশ করতে বলা হয়েছে। একই সঙ্গে এই সময়ের মধ্যে সমগ্র বাংলাদেশের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকের শূন্য পদের তালিকা চাওয়া হয়েছে। অন্যদিকে ঝিনাইদহের মহেশপুরে বীরশ্রেষ্ঠ

*(১৯ পৃষ্ঠা ৮ কঃ দেখুন)*

## উত্তীর্ণদের মেধা

*(২০-এর পৃষ্ঠার পর)*

হামিদুর রহমান মেমোরিয়াল ভবন সংস্কার ও সংরক্ষণে প্রয়োজনীয়তার বিষয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল না করায় ঝিনাইদহের গৃহায়ন ও গণপূর্তের তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে তলব করেছে হাইকোর্ট। তাকে আগামী ৫ জুন আদালতে সশরীরে হাজির হয়ে কারণ ব্যাখ্যা দিতে বলা হয়েছে। রবিবার হাইকোর্টের সংশ্লিষ্ট বেঞ্চ এ আদেশ প্রদান করেছে।

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ১ থেকে ১২তম নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ সনদধারীদের মেধা তালিকা প্রস্তুত ও প্রকাশের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এক রিট আবেদনের শুনানি নিয়ে বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মদ আলীর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এই আদেশ দেয়। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন এ্যাডভোকেট হুমায়ন কবির। রাষ্ট্রপক্ষে ছিলেন সহকারী এ্যাটর্নি জেনারেল টাইটাস হিল্লোল রেমা।